রিভিউ

সহবতি ।। প্রধান সম্পাদক: ড. নন্দিনী বন্দ্যোপাধায়

ISSN – 2454- 2512 ।। সপ্তম বর্ষ, বইমেলা সংখ্যা ২০২৩ ।। মূল্য: তিনশত পঁচাত্তর টাকা

'সহবতি' এই গবেষণা পত্রিকাটি সপ্তম বর্ষের প্রকাশনা। পত্রিকার প্রথমেই 'সম্পাদকের কলমে' বেশ সমৃদ্ধ আলোচনা। তিনি সমগ্র পত্রিকার লেখাগুলি গুছিয়ে পরিচয় করে দিয়েছেন। এরপরেই সূচিপত্র। মোট ৬২ টি লেখা কয়েকটি ভাগে বিভক্ত করা হয়েছে। প্রথম ভাগে রয়েছে কথাসাহিত্য। এখানে মোট ১৪ টি প্রবন্ধ আছে। দ্বিতীয় ভাগে রয়েছে নাটক। এখানে ৬ টি প্রবন্ধ। তৃতীয় ভাগে কাব্য -কবিতা। এখানে ৮ টি প্রবন্ধ। চতুর্থ ভাগে প্রবন্ধ। এখানে ২ টি। পঞ্চম ভাগে রবীন্দ্র সাহিত্য। এখানে ১৪ টি প্রবন্ধ। ষষ্ঠ ভাগে ভাষা-শৈলী। এখানে ৩ টি। সপ্তম ভাগে বিবিধ। এখানে ১৫ টি। ৪৫৬ পৃষ্ঠার গবেষণা পত্রিকা এটি।

'কথাসাহিত্য' বিভাগের প্রথমেই বিভূতিভূষণের 'ইছামতি' উপন্যাসকে নিয়ে লিখেছেন তুষার পটুয়া। চরিত্রায়ণের ক্ষেত্রে ভিন্নতর মূল্যায়ন করেছেন। এছাড়াও তনুশ্রী মণ্ডলের একটি লেখা মিহির সেনগুপ্তের 'বিদুর' উপন্যাসকে অবলম্বন করে। প্রত্যেকটিই গবেষণার ক্ষেত্রে কার্যকরী।

'নাটক' বিভাগে শাঁওলী মিত্রের চলচ্চিত্র বিষয়ে লেখা আছে। তারপরে বাংলা পৌরাণিক নাটক বিষয়ে আলোচনা করেছেন হেমন্ত মণ্ডল। 'লোকনাট্যের স্বরূপ বিচার' বিষয়ে আলোচনা করেছেন অচিন্ত্যকুমার গঙ্গোপাধ্যায়। তৃতীয় ভাগে আছে কাব্য-কবিতা। এখানেও বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ আলোচনা আছে। অলোকরঞ্জন দাশগুপ্তের কবিতায় রূপতাত্ত্বিক সংগঠন বিষয়ে আলোচনা করেছেন সম্পা সরকার। 'বৈচিত্র্যের নিরিখে কবি সুভাষ মুখোপাধ্যায়ের বাংলা কবিতা' বিষয়ে আলোচনা করেছেন গণেশ কর্মকার। এছাড়াও দিব্যেন্দু পালিতের কবিতা নিয়ে আলোচনা করেছেন প্রভাস মজুমদার।

প্রবন্ধ বিভাগে দুটি লেখা রয়েছে। নারীর কলমে নারী: প্রসঙ্গ ভারতী রায়ের 'একাল সেকাল পাঁচ প্রজন্মের ইতিকথা' বিষয়ে আলোচনা করেছেন সুস্মিতা ঘোষ। দ্বিতীয় প্রবন্ধটি 'উনিশ শতকের বাংলা গদ্য বনাম মুসলমানি গদ্যে দ্বন্দ্ব'। আলোচনা করেছেন পম্পা ভট্টাচার্য।

এরপর রবীন্দ্র সাহিত্য বিষয়েও বেশ কিছু প্রবন্ধ লিখেছেন প্রাবন্ধিকেরা। প্রথমেই পত্রিকা সম্পাদিকা লিখেছেন 'আধুনিকতা সময় নিয়ে নয়, মর্জি নিয়ে'। 'চতুরঙ্গ' উপন্যাসের ভাষা ও শৈলী বিষয়ে আলোচনা করেছেন সমৃদ্ধি শেখর মণ্ডল। রবীন্দ্রনাথ ও জগদীশচন্দ্র: সমান্তরাল দুই প্রতিভা ও সখ্যতার নিদর্শন' বিষয়ে আলোচনা করেছেন দেবী মণ্ডল। পরের বিভাজনের নাম ভাষা-শৈলী। এখানে একটি অন্য ধরনের আলোচনা আছে। শর্মিলা নন্দী আলোচনা করেছেন 'বেতারের অনুষ্ঠান ও বাংলা ভাষা: বিনোদনের নানা দিক' বিষয়ে। 'বাগড়ি অঞ্চলে ব্যবহৃত প্রবাদ প্রবচন: একটি সমীক্ষা' বিষয়ে আলোচনা করেছেন দেবাশিস পাল।

বিবিধ প্রবন্ধ ভাগে আলোচনা বেশ জমে উঠেছে। এখানে অনেকগুলো প্রবন্ধ আছে। কল্যাণীর ঘোষপাড়ার কর্তা ভজা সম্প্রদায় সম্পর্কে আলোচনা করেছেন প্রাবন্ধিক তাপস বন্দ্যোপাধ্যায়। ভারতীয় তন্ত্র সাহিত্যের উৎস সন্ধানে বিষয়ে অনিন্দ্য বন্দ্যোপাধ্যায় বেশ প্রাসঙ্গিক আলোচনা করেছেন। জয়ন্ত ঘোষ গোয়েন্দা অভিযানে প্রমিলা বাহিনী বিষয়ে আলোচনা করেছেন।

এছাড়াও এখানে একটি ইংরেজী লেখা আছে। লিখেছেন কুহেলি বিশ্বাস ও সঞ্জীবকুমার দত্ত 'A study on Buddhist philosophy and culture influence upon Rabindranath's work'।

পত্রিকাটির প্রচ্ছদ প্রাসঙ্গিক। প্রচ্ছদ শিল্পী সুদীপ চক্রবর্তী। পত্রিকাটির উপদেষ্টা পর্ষদে বেশ কয়েকজন আন্তর্জাতিক মানের গবেষক রয়েছেন। পত্রিকার দাম তুলনামূলকভাবে খুব কম। মাত্র ৩৭৫ টাকা। বানানেও প্রায় ভুল নেই। সবদিক থেকেই বৃহৎ একটি পত্রিকা। পত্রিকার মান যথেষ্ট উন্নত। পত্রিকাটি গবেষকদের পক্ষে খুব কার্যকরী হবে।

সুজিতকুমার পাল
অধ্যাপক, বাংলা বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়